

তিতুমীর কলেজে ছাত্রদল নেতা ও তেজগাঁও কলেজের সামনে ব্যবসায়ী গুলিতে নিহত

গুলিবদ্ধ ২ ছাত্র, হোটেল কক্ষে ব্যবসায়ীর লাশ

রাগঞ্জ প্রতিবেদক : বাম্বাখানীর তিতুমীর কলেজ ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান (৩০) প্রতিপক্ষের গুলিতে নিহত হয়েছেন। এ ছাড়া ফার্মগেট এলাকায় সন্ত্রাসীদের গুলিতে মিজান (২৫) নামে অপর এক ব্যবসায়ী নিহত এবং তেজগাঁও কলেজের ছাত্র শাকির (২২) ও শাওন (২৪) গুলিতে আহত হয়েছেন। এছাড়া নারেনাবাদের একটি হোটেল কক্ষ থেকে খোকন (২০) নামে এক ব্যবসায়ীর লাশ উদ্ধার করা হয়েছে। গতকাল নন্দদ্বার রাস্তে এ ঘটনা ঘটেছে।

জানা গেছে, রাত সাড়ে ৮টার দিকে ছাত্রদল নেতা সাইদুর এশার নামের পক্ষে মহাখালী অয়ারলেন গেট মনজিলের নামে দাঁড়িয়ে ছিলেন। এ সময় অজ্ঞাত পরিচয় কয়েকজন সন্ত্রাসী কয়েক পৌনে

● এরপর পৃষ্ঠা ১১ কলাম

তিতুমীর কলেজে ছাত্রদল

● প্রথম পাজার পর সাইদুরকে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলিবর্ষণ করে পালিয়ে যায়। সাইদুর পরীরের বিভিন্ন স্থানে গুলিবদ্ধ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। পরে পুলিশ ঘটনাস্থল থেকে সাইদুরকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহত সাইদুর তিতুমীর কলেজের স্নাতক শ্রেণীর ছাত্র এবং ৮/৩৭/১ মহাখালী অয়ারলেন গেট এলাকার ইব্রাহীম মিয়া'র পুত্র। ৫ জুই ১ বোনের মধ্যে তিনি ছিলেন সবার ছোট। পুলিশ জানায়, অজ্ঞাতস্রী ক্রোমলের রের ধরে এই ঘটনা ঘটে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে।

এদিকে তেজগাঁও কলেজের নামে দাঁড়িয়ে গুলি করার সময় রাত সাড়ে ৮টার দিকে গুলিতে ব্যবসায়ী মিজান নিহত এবং তেজগাঁও কলেজের দুই ছাত্র শাকির ও শাওন আহত হয়। অজ্ঞাতনামা সন্ত্রাসীরা তাদের ওপর গুলি ছুড়ে দ্রুত পালিয়ে যায়।

অপর ঘটনায় গতকাল সকালে নারেনাবাদের হোটেল ইন্টারকমের একটি কক্ষ থেকে খোকন নামে এক ব্যবসায়ীর লাশ উদ্ধার করে। গত রোববার সে নোয়াখালী থেকে ঢাকায় এসেছিল। হোটেল কর্তৃপক্ষের কাছ থেকে খবর পেয়ে পুলিশ এনে লাশ উদ্ধার করে।